

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

স্মারক নং.- ৩১.০০.০০০০.০৩৮.০২.০০৯.২০১৭.২২৩

তারিখ: ২৭/১২/২০১৭ খ্রি.

বিষয় : ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের রাজস্ব খাতভুক্ত আউটসোর্সিং এ নিয়োগকৃত কর্মচারীদের জন্য ২০১৭-১৮ অর্থ বছরে ১২,৯৯,২৪০/- (বার লক্ষ নিরানব্বই হাজার দুইশত চল্লিশ) টাকা বাজেট বরাদ্দ প্রদান এবং তার বিপরীতে অর্থনৈতিক কোড নং-৪৮৯৩ (হায়ারিং চার্জ) সৃজন প্রসঙ্গে।

সূত্র : ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এর স্মারক নং.-৩১.০৪.০০০০.০০০.১১.০০৪.২০১৭-১২৩৩, তারিখ: ১২/১২/২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের নিম্নোক্ত ছকে উল্লিখিত পদগুলো জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে অর্থ বিভাগ কর্তৃক সম্মতি প্রদান ও বেতন স্কেল যাচাই করা হয়। পরবর্তীতে বর্ণিত পদে নিয়োগের জন্য ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র নিয়োগ বিধিমালা-২০১৭ চূড়ান্তভাবে অনুমোদিত এবং বাংলাদেশ গেজেটের ১২/১১/২০১৭ তারিখের এস.আর.ও নং-৩১৬-আইন/২০১৭ এ প্রকাশিত হয়েছে। অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখার ০৭/০৮/২০০৮ তারিখের ৫৯৭ নং স্মারকে জারীকৃত আউট সোর্সিং সংক্রান্ত নীতিমালা এবং অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৩ এর ২৭/০১/২০১৬ তারিখের ২৮ নং পরিপত্রে নির্ধারিত আউট সোর্সিং সেবা ক্রয় মূল্য মোতাবেক নিম্নবর্ণিত পদসমূহের জন্য ২০১৭-১৮ অর্থ বছরে (ডিসেম্বর হতে জুন) ১২,৯৯,২৪০/- (বার লক্ষ নিরানব্বই হাজার দুইশত চল্লিশ) টাকা বাজেট বরাদ্দ প্রয়োজন। উক্ত বাজেট বরাদ্দ এর বিপরীতে বাজেটে অর্থনৈতিক কোড নং ৪৮৯৩ (হায়ারিং চার্জ) সৃজন আবশ্যিক।

ক্রমিক	শ্রেণি	পদের নাম	ঢাকা মেট্রো পলিটন এলাকার জন্য সাকুল্য বেতন	পদের সংখ্যা	মাস	সর্বমোট
১	১৮	প্লাম্বার	১৬,২২০/-	১টি	৭ মাস	১,১৩,৫৪০/-
২	১৮	লিফটম্যান	১৬,২২০/-	১টি	৭ মাস	১,১৩,৫৪০/-
৩	১৮	বারুচি	১৬,২২০/-	১টি	৭ মাস	১,১৩,৫৪০/-
৪	২০	ক্লাস এটেনডেন্ট	১৫,৫০০/-	২টি	৭ মাস	২,১৭,০০০/-
৫	২০	সহকারী বারুচি	১৫,৫০০/-	১টি	৭ মাস	১,০৮,৫০০/-
৬	২০	নিরাপত্তা প্রহরী	১৫,৫০০/-	১টি	৭ মাস	১,০৮,৫০০/-
৭	২০	হোস্টেল বয়	১৫,৫০০/-	২টি	৭ মাস	২,১৭,০০০/-
উপ-মোট (সাকুল্য বেতন)				৯ টি		৯,৯১,৬২০/-
	১৮	উৎসব ভাতা (১ টি করে ৩ জনের)	৮,৮০০/-	-	-	২৬,৪০০/-
	২০	উৎসব ভাতা (১ টি করে ৬ জনের)	৮,২৫০/-	-	-	৪৯,৫০০/-
	১৮	নববর্ষ ভাতা (১ টি করে ৩ জনের)	১,৭৬০/-	-	-	৫,২৮০/-
	২০	নববর্ষ ভাতা (১ টি করে ৬ জনের)	১,৬৫০/-	-	-	৯,৯০০/-
উপ-মোট(ভাতা):						৯১,০৮০/-
মোট:						১০,৮২,৭০০/-
জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের কমিশন(২০%):						২,১৬,৫৪০/-
সর্বমোট						১২,৯৯,২৪০/-

০২। এমতাবস্থায়, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের রাজস্ব খাতভুক্ত আউটসোর্সিং এ নিয়োগকৃত কর্মচারীদের জন্য ২০১৭-১৮ অর্থ বছরে ১২,৯৯,২৪০/- (বার লক্ষ নিরানব্বই হাজার দুইশত চল্লিশ) টাকা বাজেট বরাদ্দ প্রদান এবং তার বিপরীতে অর্থনৈতিক কোড নং ৪৮৯৩ (হার্যরিং চার্জ) সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি-বর্ণনামতে।

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ. আ.-উপসচিব, বাজেট-১৮,
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়)


স্মারক নং.- ৩১.০০.০০০০.০৩৮.০২.০০৯.২০১৭.২২৩/১(৬)

স্বা/-
(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০ (অঃ)

তারিখ: ২৭/১২/২০১৭ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ, নীলক্ষেত কাঁটাবন ঢাল, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অগবতির জন্য।
- ০৩। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৫। অফিস কপি।
- ০৬। মাস্টার কপি।


২৭/১২/২০১৭
(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০ (অঃ)